

Office of the Chancellor

52 Chambers Street
New York, NY 10007

212 374 0200 tel
212 374 5588 fax

বৃহস্পতিবার, 7 সেপ্টেম্বর, 2017

প্রিয় পরিবারবর্গ:

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) আনন্দের সাথে ঘোষণা করছে যে এই স্কুলবছর থেকে সকল নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে সকল শিক্ষার্থীর জন্য লাঞ্চ সম্পূর্ণ ফ্রি। ফ্রি ব্রেকফাস্ট আগে থেকেই ফ্রি এবং এখন সব খাবার পরিবেশন করা হবে যার জন্য পরিবারগুলির কোনও খরচ হবে না।

এখন স্কুলে স্বাস্থ্যসম্মত ও পুষ্টিকর খাবার সকল শিক্ষা আরও সহজেই খেতে পারবে। আমাদের খাবারের মেন্যু www.schoolfoodnyc.org ঠিকানায় পাওয়া যাবে।

এই কর্মসূচিটি সফল করতে আমরা আপনার সহায়তা কামনা করি। আয় নির্বিশেষে সকল পিতামাতাকে এরপরেও স্কুল মিলস ফরম পূরণ করতে হবে যাতে আমাদের স্কুলগুলি এই কর্মসূচি এবং অন্যগুলির জন্য ফেডারেল অর্থায়নের জোগান লাভ করে। দয়া করে এই ফরম অনলাইনে www.myschoolapps.com অনলাইনে 29 ডিসেম্বর 2017 এর ভেতর পূরণ করুন। ফরমের হার্ডকপি বাড়িতে পাঠানো হবে এবং আপনার স্কুলের মেইন অফিসেও পাওয়া যাবে।

আপনি যদি এরমাঝে আপনার MySchoolBucks অ্যাকাউন্টে আপনার সন্তানের এবছরের অর্থ জমা দিয়ে থাকেন, অথবা আপনার আগের বছরের উদ্বৃত্ত থেকে থাকে, তাহলে সব অর্থ ফেরত পাবেন। ডিওই সামনের সপ্তাহগুলোতে আপনাকে অর্থ ফেরত পাওয়ার উপায় অবহিত করবে।

সকল শিক্ষার্থীর জন্য প্রতিদিন ব্রেকফাস্ট এবং লাঞ্চ ফ্রি, সর্বত্র এই কথাটি প্রচার করতে অনুগ্রহ করে আমার সাথে সহযোগিতা করুন। আমি আশা করি আপনার সন্তান এই চমৎকার নয়া সুযোগের সদ্ব্যবহার এবং আমাদের সাথে স্বাস্থ্যসম্মত খাবার উপভোগ করবে।

বিশ্বস্ত,



কামেন ফারিনিয়া
চ্যান্সেলর